



রেজিস্ট্রার

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ।

স্মারক নংঃ বশেমুরবিপ্রবি/র/জ.প্র/২০২৩/১৮৯/৫৬০

তারিখঃ ২৪ জ্যৈষ্ঠ ১৪৩০
৭ জুন ২০২৩

অফিস আদেশ

অত্র বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদে কর্মরত নিম্নোক্ত ডিনগণ ডিন পদে তাঁদের দায়িত্ব পালন ০২ (দুই) বছর সম্পন্ন করায় এবং এই দায়িত্ব পালনকালে বিশ্ববিদ্যালয় প্রশাসনকে সার্বিক সহযোগিতা করার জন্য তাঁদেরকে ধন্যবাদ জ্ঞাপন করছি।

ক্রমিক নং	নাম ও পদবী	অনুষদের নাম
০১.	ড. সালেহ আহমেদ, সহযোগী অধ্যাপক	ইঞ্জিনিয়ারিং অনুষদ
০২.	জনাব মোহাম্মদ আশিকুজ্জামান ভূঁইয়া, সহযোগী অধ্যাপক	মানবিকী অনুষদ

অপরপক্ষে, অত্র বিশ্ববিদ্যালয়ের নিম্নোক্ত অধ্যাপক/সহযোগী অধ্যাপকগণকে বিশ্ববিদ্যালয়ের আইন ২০০১-এর ধারা ২৩(৫) মোতাবেক তাঁদের নামের পাশে বর্ণিত অনুষদে ডিন হিসেবে নিম্নোক্ত শর্তে নিয়োগ প্রদান করা হলো।


ক্রমিক নং	নাম ও পদবী	অনুষদের নাম
০১.	প্রফেসর ড. এ.কিউ.এম মাহাবুব, ভাইস-চ্যান্সেলর (ডিনের অতিরিক্ত দায়িত্ব)	ইঞ্জিনিয়ারিং অনুষদ
০২.	প্রফেসর ড. মোঃ শাহজাহান, প্রফেসর, পদার্থ বিজ্ঞান বিভাগ	বিজ্ঞান অনুষদ
০৩.	জনাব হাবিবুর রহমান, সহযোগী অধ্যাপক, ইংরেজি বিভাগ	মানবিকী অনুষদ

পূর্বতন ডিনগণকে নব নিযুক্ত ডিনগণের নিকট দায়িত্ব বুঝিয়ে দেওয়ার অনুরোধ করা হলো।

শর্ত সমূহ :

- ডিনগণের মেয়াদ তাঁদের ডিন হিসেবে যোগদানের তারিখ থেকে ০২ (দুই) বছর হবে।
- বিশ্ববিদ্যালয়ের নিয়ম অনুযায়ী ডিনগণ ভাতাদি প্রাপ্ত হবেন।
- ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নিয়ন্ত্রণে এবং তত্ত্বাবধায়নে থাকবেন।
- অনুষদভুক্ত কোন বিভাগে কোন অধ্যাপক নিয়োগ পেলে বিশ্ববিদ্যালয় আইনে ধারা মোতাবেক তাঁদের মধ্য হতে জ্যেষ্ঠতম শিক্ষক ডিন নিযুক্ত হবেন।
- ইঞ্জিনিয়ারিং অনুষদের ডিন হিসেবে দায়িত্ব পালনকারী (ভাইস-চ্যান্সেলর) এর ক্ষেত্রে ০২ (দুই) বছর মেয়াদের শর্ত প্রযোজ্য হবে না।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে,



০৭/০৬/২০২৩
(মোঃ দলিলুর রহমান)
রেজিস্ট্রার

স্মারক নংঃ বশেমুরবিপ্রবি/র/জ.প্র/২০২৩/১৮৯/৫৬০(৫৫)

তারিখঃ ২৪ জ্যৈষ্ঠ ১৪৩০
৭ জুন ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। দপ্তর/বিভাগ/ইনস্টিটিউট/হল প্রধান, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
- ২। উপ-পরিচালক, অর্থ ও হিসাব, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
- ৩। পিএস টু ভাইস-চ্যান্সেলর, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের জ্ঞাতার্থে)।
- ৪। পিএ টু ট্রেজারার, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ (ট্রেজারার মহোদয়ের জ্ঞাতার্থে)।
- ৫। অফিস নথি।


০৭/০৬/২০২৩
(মোঃ মোরাদ হোসেন)
উপ-রেজিস্ট্রার